**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক্ট ইষ্ট পলিসির জন্য ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত বিকাশ সাধিত হচ্ছে।**

**(২) আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ থেকে আগরতলা শহরে জবরদখলকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান শুরু হয়েছে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ থেকে মণিপুরে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহার করেছেন।**

**(৪) সরকার জানিয়েছে যে ১০০ শতাংশ রেশন কার্ড ডিজিটালাইজড করা হয়েছে এবং ৯৯ শতাংশেরও বেশি রেশন কার্ড আধারের সঙ্গে যুক্ত করা হয়েছে।**

*******************************************

**CM-Fatikroy :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক্ট ইষ্ট পলিসির জন্য ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত বিকাশ সাধিত হচ্ছে। আজ ঊনকোটি জেলার সায়দারপাড় পঞ্চায়েতে সায়দারপাড় ও কুমারঘাটের সারদাপল্লীর মধ্যে সংযোগ রক্ষাকারী পাকা সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। সেতু নির্মাণে ব্যয় হবে ১১ কোটি ৭৮ লক্ষ ৮৩ হাজার টাকা। আগামী ৭২০ দিনের মধ্যে সেতুটির নির্মাণ কাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী আজ ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন পূর্ব রাতাছড়া পঞ্চায়েতের পি. এম শ্রী হাজিবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নবনির্মিত দ্বি-তল ভবনেরও দ্বারোদঘাটন করেন।

তিনি আজ সন্ধ্যায় ঊনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে চারদিনব্যাপী ষষ্ঠ মিলন মেলারও উদ্বোধন করেন। মেলা চলবে আগামী ৭ই ফেব্রুয়ারী পর্যন্ত।

অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, পুলিশ সুপার সুধাম্বিকা আর।

*************************

**AMC-Mayor :**

আগরতলা পুর নিগমে উদ্যোগে আজ থেকে আগরতলা শহরে জবরদখলকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান শুরু হয়েছে। বটতলা ফ্লাইওভার এলাকা থেকে শুরু করে মেলারমাঠ, প্যারাডাইস চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, শকুন্তলা রোড, রবীন্দ্র শতবার্ষিকী ভবন সংলগ্ন এলাকায় ইতিমধ্যেই জবর দখলকারী ব্যবসায়ীদের উচ্ছেদ করা হয়েছে।

এদিকে আগরতলা পুর নিগমের পূর্ব জ্যোনাল এলাকার অন্তর্গত খয়েরপুর থেকে রেশম বাগান সড়কে পুর নিগমের টাস্ক ফোর্সের উদ্যোগে উচ্ছেদ অভিযান চালানো হয়।

এই প্রসঙ্গে মেয়র দীপক মজুমদার বলেন ভেন্ডিং জোন, পার্কিং জোন ছাড়া ব্যবসা করা ও গাড়ি রাখা হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। কভার ড্রেনের উপর যাতে গাড়ি না রাখা হয় তারজন্য আগরতলা পুর নিগম ট্রাফিক দপ্তর যৌথভাবে উদ্যোগ গ্রহণ করবে। কভার ড্রেনের উপর রেষ্টুরেন্ট, ছোট ছোট হোটেল ও খাবারের দোকান সরিয়ে নেওয়া হবে যাতে নাগরিকগণ স্বচ্ছন্দ্যে চলাফেরা করতে পারেন।

#######Byte-Mayor#######

***************************

**AMC-CPIM :**

আগরতলা পুর নিগমের উচ্ছেদ অভিযানের বিরোধীতা করেছেন প্রাক্তন নগরোন্নয়ন মন্ত্রী মানিক দে। আজ আগরতলায় তিনি অভিযোগ করেন, শহরে ব্যবসায়ীদের জন্য বিকল্প ব্যবস্থা না করে দোকানপাট ভেঙে দিয়েছে পুর নিগম। এই সমস্ত ব্যবসায়ীদের প্রায় সবাই নিম্নবিত্ত। তারা ছোটখাটো ব্যবসার মাধ্যমে জীবিকা নির্বাহ করেন। অবিলম্বে এই সমস্ত ব্যবসায়ীদের পুনর্বাসনের দাবি জানিয়েছেন প্রাক্তন মন্ত্রী শ্রী দে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************

**Manipur :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ থেকে মণিপুরে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহার করেছেন। গত বছরের ১৩ই ফেব্রুয়ারি মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছিল। স্বরাষ্ট্র মন্ত্রক এই বিষয়ে একটি গেজেট বিজ্ঞপ্তি জারি করেছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু গত বছর সংবিধানের ৩৫৬ অনুচ্ছেদের অধীনে মণিপুর রাজ্য সম্পর্কিত তাঁর জারি করা ঘোষণাপত্র প্রত্যাহার করেছেন।

******************************

**Ration Card Digitalised :**

সরকার জানিয়েছে যে ১০০ শতাংশ রেশন কার্ড ডিজিটালাইজড করা হয়েছে এবং ৯৯ শতাংশেরও বেশি রেশন কার্ড আধারের সঙ্গে যুক্ত করা হয়েছে। আজ লোকসভায় সম্পূরক প্রশ্নের উত্তরে, ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন প্রতিমন্ত্রী নিমুবেন বাম্ভানিয়া এই তথ্য দিয়ে বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খাদ্য সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। তিনি জানান যে সরকার প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার আওতায় সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে প্রায় ৮১ কোটিরও বেশি সুবিধাভোগীকে বিনামূল্যে খাদ্যশস্য সরবরাহ করছে। শ্রীমতি বাম্ভানিয়া বলেন যে এই যোজনাটি বিশ্বের বৃহত্তম খাদ্য সুরক্ষা কর্মসূচি। মন্ত্রী বলেন, "এক জাতি, এক রেশন কার্ড" প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে, পরিযায়ী শ্রমিকরা এখন সারা দেশের যেকোনো ন্যায্য মূল্যের দোকান থেকে তাদের প্রাপ্য খাদ্যশস্য তুলতে পারেন। শ্রীমতি বাম্ভানিয়া বলেন যে "এক জাতি, এক রেশন কার্ড" প্রকল্পের অধীনে ২০১ কোটিরও বেশি পোর্টেবিলিটি লেনদেন রেকর্ড করা হয়েছে।

******************************

**India at UN: Viksit Bharat Goals :**

নারী ও শিশু উন্নয়ন প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর আজ নিউইয়র্কে জাতিসংঘের সামাজিক উন্নয়ন কমিশনের ৬৪তম অধিবেশনে বলেন, বিকশিত ভারতের লক্ষ্য পূরণের কেন্দ্রবিন্দুতে রয়েছে সামাজিক ন্যায়বিচার। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়ে তিনি অধিকার-ভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক এবং জনকেন্দ্রিক উন্নয়ন পদ্ধতির কথা তুলে ধরেন। শ্রীমতি ঠাকুর উল্লেখ করেন যে বিকশিত ভারত ২০৪৭-এর ভারতের দৃষ্টিভঙ্গি শাসনের মূলে মর্যাদা, ন্যায়বিচার এবং সুযোগকে স্থান দেয়, যা "সবকা সাথ সবকা বিকাশ" দর্শনকে প্রতিফলিত করে। তিনি ৮০ কোটিরও বেশি মানুষের জন্য খাদ্য

সুরক্ষা এবং ৫৫ কোটিরও বেশি নাগরিকের জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা সহ প্রধান সামাজিক সুরক্ষা ব্যবস্থার রূপরেখা তুলে ধরেন।

****************************

**ODOP Workshop :**

কেন্দ্রীয় বানিজ্য মন্ত্রকের অধীন ডিপার্টমেন্ট ফর প্রমোশান অব ইন্ডাস্ট্রি এন্ড ইন্টারনাল ট্রেড বা ডিপিআই আই টির উদ্যোগে এবং পিআই বি - সহযোগিতায় আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে শিল্পদ্যোগীদের সঙ্গে সম্পর্ক স্থাপনে এক কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হয়।

কর্মশালায় প্রধান অতিথির ভাষনে শিল্প ও বানিজ্য অধিকর্তা দীপক কুমার বলেন, রাজ্যের ৮টি জেলাতেই "এক জেলা এক পণ্য" উদ্যোগে বেশ সাফল্য পাচ্ছে। রাজ্যে উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রীর দেশজুড়ে চাহিদা বাড়ছে। বিদেশেও ত্রিপুরার আনারস, মাতাবাড়ির পেঁড়া, বাঁশ বেতের উৎপাদিত শিল্প সামগ্রী, আগর ইত্যাদির ভালো চাহিদা রয়েছে। তিনি বলেন, শিল্পদ্যোগীদের সমস্যা নিরসনে রাজ্যের আট জেলাতেই শিল্প দপ্তরের ডিআইসি গুলোতে, পন্যের ক্যাটালগ তৈরি, প্যাকেটিং, মার্কেটিং ইত্যাদির জন্য একটি পৃথক শাখা খোলা হবে। শিল্প ও বানিজ্য অধিকর্তা আরো বলেন, "এক জেলা এক পণ্য" উদ্যোগে ভারতে উৎপাদিত পণ্য সামগ্রীর বিদেশেও ব্যাপক চাহিদা বেড়েছে।

######Byte-Dipak Kumar#####

কর্মশালায় কেন্দ্রীয় বানিজ্য মন্ত্রকের ওডিওপি বিভাগের দায়িত্বে থাকা আধিকারিক দীপাঙ্গনা সিং বলেন, লাখপতি দিদি, স্ব-সহায়ক দিদিরাও দেশের বিভিন্ন অংশে আয়োজিত বিভিন্ন শিল্প বানিজ্য মেলা, সরস মেলায় তাদের পণ্য নিয়ে অংশ নিতে পারেন। এর জন্য প্রয়োজনে কেন্দ্রীয় বানিজ্য মন্ত্রের ওডিওপি বিভাগেও সরাসরি যোগাযোগ করতে পারেন। মন্ত্রকের অপর এক আধিকারিক ইশদীপ সিংও কর্মশালায় বক্তব্য রাখেন।

********************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ১১ হাজার ৮২০ কানি জমিতে ফুল চাষ হচ্ছে। ৫৯ হাজার ১০০ জন কৃষক ফুল চাষে যুক্ত রয়েছেন। আজ মোহনপুরে স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয় সংলগ্ন বিবেকানন্দ পুষ্প উদ্যানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে বহু কৃষক ফুল চাষের মাধ্যমে স্বাবলম্বী হচ্ছে। উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ প্রমুখ।

****************************

**Budget-Bikash Debbarma :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা বলেছেন ২০২৬-২৭ অর্থবছরে বাজেটে জনজাতি সম্প্রদায়ের উন্নয়নের জন্য একটি স্পষ্ট এবং অন্তর্ভুক্তিমূলক রোডম্যাপ দেওয়া হয়েছে। আজ আগরতলার সদর আরবান বিজেপি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, বাজেটে জনজাতিদের শিক্ষা, স্বাস্থ্যসেবা, পরিকাঠামো এবং সামাজিক নিরাপত্তা সহ একাধিক ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এই বাজেট সবকা সাথ, সবকা বিকাশের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নে একটি নির্ণায়ক ভূমিকা পালন করবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

*****************************

**Special Talk :**

২০২৬–২৭ সালের কেন্দ্রীয় বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই প্রেক্ষাপটে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের অগ্রাধিকার ক্ষেত্র, ভবিষ্যৎ পরিকল্পনা ও সম্ভাবনা নিয়ে সংবাদ বিভাগের এক সাক্ষাৎকার ভিত্তিক অনুষ্ঠান শুনবেন আজ রাত ৯টা ১৫ মিনিটে। অনুষ্ঠানটি আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে প্রচারিত হবে।

****************************

**Saras Fair–South :**

ত্রিপুরা আজীবিকা মিশনের উদ্যোগে আগামীকাল থেকে বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে চারদিনের দক্ষিণ জেলাভিত্তিক সরস মেলা শুরু হবে। মেলায় দক্ষিন জেলার স্ব–সহায়ক দলের সদস্যাদের তৈরি ২৫০টির বেশি সামগ্রী বিক্রয় করা হবে। জেলার ৮টি ব্লকের জন্য ৮টি স্টল এবং শহুরে আজীবিকা মিশনের জন্য ১টি স্টল থাকবে। এই মেলায় ফুড স্টল থাকবে ২০টি। দক্ষিন জেলার অতিরিক্ত জেলা শাসক মহম্মদ হাবিজ উদ্দিন আজ সাংবাদিক সম্মেলন একথা জানান।

***************************

**World Cancer Day–Walkathon :**

আজ বিশ্ব ক্যান্সার দিবস। এ উপলক্ষ্যে আইএলএস হাসপাতাল ও ইন্টারন্যাশনাল অনকোলজি ক্যান্সার ইনস্টিটিউটের উদ্যোগে আগরতলা শহরে ওয়াকাথন অনুষ্ঠিত হয়। ওয়াকাথনটির মূল উদ্দেশ্য ছিল ক্যান্সার প্রতিরোধ, প্রাথমিক সনাক্তকরণ এবং চিকিৎসা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************